গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দিনাজপুর সদর, দিনাজপুর
www.dinajpursadar.dinajpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.২৭৬৪.০০১.০৬.০০১.২৬- ৩৭৫

তারিখ: ৩০ চৈত্র, ১৪৩২
১৩ এপ্রিল, ২০২৬

# "গণবিজ্ঞপ্তি"

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামীকাল ১৩/০৪/২০২৬ তারিখ হতে শুরু করে ১৬/০৪/২০২৬ তারিখ পর্যন্ত দিনাজপুর সদর উপজেলায় ফুয়েল কার্ডের জন্য আবেদন গ্রহণ প্রক্রিয়া শুরু হবে। আবেদন ফরম সদর উপজেলার ওয়েবসাইট ও ইউনিয়ন পরিষদে পাওয়া যাবে। সকল আবেদন ফর্ম পূরন করে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদে অফিস চলাকালীন সময়ে সকাল ১০.০০ টা হতে বিকাল ০৪.০০ পর্যন্ত আবেদন জমা দিতে পারবেন। এছাড়া দিনাজপুর পৌর এলাকার চালক/মালিক/প্রতিষ্ঠান/ব্যক্তিগণকে জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর হতে ফুয়েল কার্ড সংগ্রহের নিমিত্ত আবেদন করতে পারবেন।

২। আবেদনের সময় যে সকল কাগজপত্র জমা দিতে হবে:

১। ড্রাইভিং লাইসেন্সের কপি
২।গাড়ির রেজিস্ট্রেশনের কপি
৩। জাতীয় পরিচয় পত্রের কপি
৪। পাসপোর্ট সাইজের ২কপি ছবি
৫। সদর উপজেলার বিভিন্ন ধরনের প্রতিষ্ঠানে কর্মরত হলে সেটির স্বপক্ষে প্রমাণাদি(আইডি কার্ড ইত্যাদি) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে জমা দিতে হবে।

৩। আবেদনকারীগণ অনুমোদনকৃত ফুয়েল কার্ড আগামী ২১/০৪/২০২৬ তারিখ থেকে তার সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ থেকে সংগ্রহ করতে পারবেন।

৪। কৃষি কাজের সাথে জড়িত যারা জেনারেটর ব্যবহার করেন তারা সংশ্লিষ্ট এলাকার উপ-সহকারী কৃষি কর্মকর্তার প্রত্যয়ন (জমির ও প্রয়োজনীয় তেলের পরিমাণসহ) এবং নিজের এনআইডি সহ আবেদন জমা দিবেন।

বিশেষ দ্রষ্টব্য: আগামী ২১/০৪/২০২৬ তারিখ হতে ফুয়েল কার্ড ব্যতিত কোন ব্যক্তি পেট্রোল/অকটেন পাবেনা।

13.04.26

(তমালিকা পাল)
উপজেলা নির্বাহী অফিসার
দিনাজপুর সদর, দিনাজপুর
☎ : +৮৮ ০২৫৮৯৯২৫১২২ (অ:)
e-mail: unodinajpur@mopa.gov.bd